আলমডাঙ্গায় মাসিক আইন শৃঙ্খলা কমিটির সভা

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে মাসিক আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্টিত হয়েছে। গতকাল সোমবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা পরিষদ হলরুমে এ সভা অনুষ্টিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলীর সভাপতিত্বে, অনুষ্টানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আয়ুব হোসেন।
তিনি বলেন, আমি মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাস করি, আমার বিশ্বাস বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা একদিন প্রতিষ্টা লাভ করবে, তার সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশকে ক্ষুধা মুক্ত, দারিদ্রমুক্ত দেশ হিসেবে পরিচিত করাবে।

আপনাদের সকলকে ধন্যবাদ জানাই যে বর্তমানে আলমডাঙ্গায় আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল আছে, বিশেষ করে বর্তমান ওসি সাহেব আইন শৃঙ্খলা পরিস্থিতি ভলা রাখতে স্বর্বাত্বক চেষ্টা করছে, আমি তাকে ধন্যবাদ জানাই। আলমডাঙ্গায় বাল্যবিবাহ বন্ধে প্রশাসনের ভুমিকা প্রশংসনীয়, মাদক কে আমরা সকলে বয়কট করতে চাই, আশা করি আপনারা আমাদের সহযোগীতা করবেন।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপসিস্থত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মার্জাহান নিতু , থানা সেকেন্ড অফিসার সঞ্জিত কুমার মন্ডল, জেলা চেয়ারম্যান সমিতির সভাপতি নুুরুল ইসলাম, আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান সমিতির সভাপতি কাউছার আহম্মেদ বাবলু, সম্পাদক নুরুল ইসলাম নুরু। সভায় স্বাগত বক্তব্য রাখেন থানার সেকেন্ড অফিসার সঞ্জয় কুুমার মন্ডল। স

মাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিনের উপস্থাপনায় বক্তব্য রাখেন উপজেলা প.প.কর্মকর্তার পক্ষে ডাঃ সারমিন আক্তার, প্রানী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি, কৃষি অফিসার সোহরোয়ার্দি, শিক্ষা অফিসার আব্দুল বারি, মহিলা বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত, বিআর ডিবি কর্মকর্তা সায়লা সারমিন, সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোলাম সরোয়ার, যুব উন্নয়ন কর্মকর্তা আনিছুর

রহমান।

আরও বক্তব্য রাখেন, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ইউপি চেয়ারম্যান আমিরুল ইসলাম মন্টু, ইউপি চেয়ারম্যান তরিকুল ইসলাম, মৎস সম্প্রসারণ কর্মকর্তা আব্দুল মালেক, ইউপি চেয়ারম্যান আবুল কালাম আজাদ, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, আনছার ভিডিপি কর্মকর্তা, খাদ্যকর্মকর্তা মোফাখ্খাইরুল, ইউপি চেয়ারম্যান আমিনুল হক রোকন, মাসুদ পারভেজ, মোস্তাফিজুর রহমান রুন্নু, নজরুল ইসলাম,

প্রেস ক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, আবাসিক প্রকৌশলী গোলাম নবী, উপজেলা আওয়ামী লীগের সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, প্রকল্প কর্মকর্তা এনামুল হক, মহিলা কলেজের অধ্যক্ষের পক্ষে সহকারি অধ্যাপক আব্দুুর রহমান, সরকারি স্কুলের প্রধান শিক্ষক রবিউল ইসলাম, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ জামসিদুল হক মুনি, পরিষদের সদস্য কল্পনা খাতুন, সুফিয়া খাতুন, প্রমুখ।

সভায় থানার সেকেন্ড অফিসার সহ বক্তাগণ বলেন, করোনাকালীন আমরা সকলেই পরিবার পরিজনসহ সকলকে নিয়ে সমস্যার মধ্যে দিয়ে কাটাচ্ছি। সবাইকে মাস্ক ব্যবহার করতে অনুরোধ জানিচ্ছ ।

কোটচাঁদপুর পৌর নির্বাচনে নৌকার প্রার্থীকে সংবর্ধনা

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর নির্বাচনে উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলীকে আ.লীগের দলীয় নৌকার প্রার্থী মনোনীত করায় গণ সংবর্ধনা দেওয়া হয়েছে।

গতকাল সোমবার বিকালে পৌর এবং উপজেলা আ.লীগের পক্ষ থেকে তাকে সংবর্ধনা ও ফুলেল শুভেচ্ছা দেওয়া হয়। নানা গুঞ্জন ও জল্পনা- কল্পনার অবসান ঘটিয়ে শনিবার (২৬ডিসেম্বর) রাত ৮টায় গণভবনে

মনোনয়ন বোর্ডের সিদ্ধান্তে শাহাজান আলীকে নৌকার প্রার্থী হিসেবে ঘোষণা দেওয়া হয়। এ খবরে স্থানীয় আ.লীগ নেতা-কর্মীদের মাঝে আনন্দ-উল্লাস লক্ষ্য করা যায়।

গতকাল সোমবার বিমানযোগে ঢাকা থেকে যশোর বিমান বন্দরে আসেন নৌকার এই প্রার্থী। পরে সড়ক পথে হাজার হাজার নেতা-কর্মীদের সঙ্গে মোটর শোভাযাত্রা নিয়ে কোটচাঁদপুর শহরে পৌঁছান। এসময় আ.লীগ, যুবলীগ, ছাত্রলীগ, স্বেচ্ছছাসেকলীগসহ নেতা-কর্মীদের পক্ষ থেকে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

পরে শহরের পায়রা চত্বরে একটি পথসভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন, ঝিনাইদহ-৩ আসনের জাতীয় সংসদ সদস্য এ্যাড. শফিকুল আজম খান চঞ্চল। সভায় সংসদ সদস্য সকলকে নৌকা প্রতীকে ভোট দিতে আহ্বান জানান।

পৌর নির্বাচনে নৌকার মাঝি শাহাজান আলী সকলের ভালোবাসায় সিক্ত হয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ সকল পর্যায়ের নেতা-কর্মীদের ধন্যবাদ জানিয়ে বলেন, আসন্ন পৌর নির্বাচনে সকলকে নৌকার পক্ষে কাজ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নৌকা প্রতীককে বিজয়ী করতে হবে। সেই সাথে তাকে মেয়র নির্বাচিত করতে পৌর বাসী ও নেতা- কর্মীদের সহযোগিতা এবং সমর্থন চান নৌকার এই মাঝি।

নির্বাচনী তফসিল অনুযায়ী আগামী ৩০ জানুয়ারী কোটচাঁদপুর পৌর সভার নির্বাচন। নির্বাচনে আ.লীগের দলীয় মনোনয়ন পেতে মাঠে ছিলেন ৫ জন মনোনয়ন প্রত্যাশী। যার মধ্যে কোটচাঁদপুর উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজান আলী, পৌর আ.লীগের যুগ্ম- আহ্বায়ক শহীদুজ্জামান সেলিম, বর্তমান পৌর মেয়র জাহিদুল ইসলাম, পৌর আ.লীগের সদস্য কাজী আলমগীর ও উপজেলা যুবলীগের সাবেক সভাপতি মীর কাশেম আলী।

চুয়াডাঙ্গা পৌরসভা নির্বাচনে

মেয়র নির্বাচিত হয়েছেন নৌকা প্রতীকের প্রার্থী জাহাঙ্গীর আলম মালিক

চুয়াডাঙ্গা পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী জাহাঙ্গীর আলম মালিক (নৌকা প্রতীক) মেয়র নির্বাচিত হয়েছেন।

তিনি ভোট পেয়েছেন ২২ হাজার ৩৩৯। তার নিকটতম স্বতন্ত্র প্রতিদ্বন্দ্বী (বিএনপি বিদ্রোহী) মজিবুল হক মালিক পেয়েছেন ৭ হাজার ৬৫৭ ভোট। বিএনপি প্রার্থী সিরাজুল ইসলাম মনি ধানের শীষ প্রতীক নিয়ে পেয়েছেন ৬ হাজার ৫৬ ভোট।

৯টি ওয়ার্ডের ৩৩টি ভোট কেন্দ্রের প্রাপ্ত ভোট অনুযায়ী এ ফলাফল ঘোষণা করা হয়। চুয়াডাঙ্গা জেলা নির্বাচন অফিসার ও রিটার্নিং অফিসার তারেক আহমেমদ রাত আটটায় এ তথ্য নিশ্চিত করেন।

জীবননগরে জেলা পরিষদের জমির ইজারাদার মালিক সমিতির আলোচনা সভা

জীবননগরে জেলা পরিষদের জমির ইজারাদার মালিক সমিতির আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকাল সাড়ে ৩টার সময় জীবননগর পৌর সভার ইসলামপুর মোড়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগরে জেলা পরিষদের জমির ইজারাদার মালিক সমিতির সভাপতি মুন্সী নাসির উদ্দিনের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত ছিলেন, জীবননগরে জেলা পরিষদের জমির ইজারাদার মালিক সমিতির উপদেষ্টা সাবেক উপাধ্যক্ষ নজরুল ইসলাম, সাবেক মেয়র হাজী আশরাফুল হক, হাজী মশিয়ার রহমান, রফিকুল ইসলাম পচা,

সাবেক চেয়ারম্যান শাজাহান আলী, হাজী আঃ মজিদ, জীবননগর জেলা পরিষদের জমির ইজারাদার মালিক সমিতির সদস্য শিক্ষক আঃ সামাদ, সাবেক চেয়ারম্যান আঃ হান্নান, কাজী খালিদ, আহসান হাবিব বকুল, সাবেক কাউন্সিলর আঃ রশিদ, কাউন্সিলর আবুল কাশেম, আরিফুজ্জামান, সাবেক ব্যাংকার রশিদুল ইসলাম, মাজেদুল ইসলাম মিল্টন প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর জেলা পরিষদের জমির ইজারাদার মালিক সমিতির সাধারণ সম্পাদক সাবেক কাউন্সিলর রফিকুল ইসলাম।

জীবননগরে রক্তদান কেন্দ্রের ২য় প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

জীবননগরে সে¦চ্ছাসেবী সংগঠন “মানুষ মানুষের জন্য” রক্তদান কেন্দ্রের দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

গতকাল সোমবার বিকাল সাড়ে ৩টার সময় মানুষ মানুষের জন্য রক্তদান কেন্দ্রের আয়োজনে সীমান্ত ইউনিয়নের গোয়ালপাড়া গ্রামে আলোচনা সভা ও কেক কাটার মধ্যে দিয়ে এ সংগঠনের দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়।

মানুষ মানুষের জন্য রক্তদান কেন্দ্রের সভাপতি রমজান আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফ্রি-ব্লাড গ্রুপিং ক্যাম্পেইন এর উদ্বোধন ও সেরা রক্তদাতাদের মাঝে পুরস্কার বিতরণ করেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন।

এছাড়াও উপস্থিত ছিলেন শিক্ষক সাহেব উদ্দিন, সাংবাদিক চাষী রমজান, মিঠুন মাহমুদ, মফিজুল ইসলাম, সীমান্ত ইউপি সদস্য জহুরুল ইসলাম, ইমাদ উদ্দিন, আঃ সামাদ, শিকড় সমাজ কল্যাণ সংস্থার লাবনী, ঐশ্বর্য সাহা, সাদিয়া, ওমর ফারুক, শাকিল, তুর্ণা, ক্রিসেন্ট ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টারের টেকনেশিয়ান আয়েসা খাতুন, মানুষ মানুষের

জন্য সংগঠনের সদস্য অংকনসহ গ্রামের বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।

জীবননগরে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ

জীবননগরে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে। গতকাল সোমবার সকাল সাড়ে ১১টার সময় ৪নং সীমান্ত ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদের সভাকক্ষে একটি আলোচনা সভা শেষে ৮জন প্রতিবন্ধীর মাঝে এ হুইল চেয়ার বিতরণ করা হয়।

৪নং সীমান্ত ইউপি চেয়ারম্যান ময়েন উদ্দিন মঈনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ করেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন।

এ সময় উপস্থিত ছিলেন ইউপি সচিব শাহিন কবির, সীমান্ত ইউপি সদস্য জহুরুল ইসলাম, আরজাম আলী, আব্দুল কাদের, ইমাদ উদ্দিন, আব্দুল আলীম প্রমুখ।

কুমড়া বড়ি তৈরিতে ব্যস্ত গৃহবধূরা

শীত এলেই কুমড়া বড়ি তৈরিতে ব্যস্ত থাকেন মেহেরপুরের গৃহিণীরা। বিভিন্ন জায়গায় এর নাম ভিন্ন হলেও এ এলাকায় কুমড়া বড়ি নামে সবাই চেনে। পৌষের শুরু থেকেই সব বাড়িতে চলে এর উৎসব।

মেহেরপুর জেলার জন্য এ বড়ির প্রাচীন ঐতিহ্য রয়েছে। কুমড়া আর কলাই এক সঙ্গে পিষে তৈরি করা হয় এক প্রকারের মণ্ড। যা কোনো পাত্রে ছোট করে সারিবদ্ধভাবে ২-৩ দিন কড়া রোদে শুকিয়ে প্রস্তুত করা হয়

সুস্বাদু বড়ি। এরপর ঘরে সংরক্ষণ করে তরকারিতে দিয়ে সারা বছর খাওয়া হয়।

গৃহিণীরা জানান, বর্ষা মৌসুমে গ্রামের প্রায় প্রত্যেক কৃষক পরিবারেই চালকুমড়া লাগানো হয়। এ কুমড়ার জালি তরকারি হিসেবে খাওয়া হয়। আর কিছু কুমড়া বড়ি দিতে রাখা হয়।

সাজু বিবি নামে এক বৃদ্ধা বলেন, এক সময় বড়ি দেয়াটা বেশ কঠিন কাজ ছিল। তখন প্রচণ্ড শীতে রাত জেগে ঢেঁকিতে পাড় দিয়ে মণ্ড তৈরি করা হতো। কিন্তু এখন মেশিনে করা হয়।

মেহেরপুর সদর উপজেলা বন্দর গ্রামের পুষ্প আরা জানান, বড়ি বানাতে কলাই প্রথমে পানিতে ভেজানো হয়। পরে এর কালো ছাল তুলে কুমড়ার সঙ্গে মিশিয়ে মেশিনে বা ঢেঁকিতে পিষে মণ্ড করা হয়। একপর্যায়ে আঠালো হলে জাল, টিন, চালুনি কিংবা পরিষ্কার কাপড়ে ছোট, ছোট মন্ডু আকারে দিয়ে রোদে শুকাতে হয়।

মেহেরপুর সদর উপজেলা বামন পাড়া গ্রামের হালিমোন নেছা জানান, এ বছর তিনি কেজিপ্রতি ১০০ টাকা দরে কলাই ও ৩০০ টাকা দিয়ে তিনটি কুমড়া কিনে বড়ি দিয়েছেন এবং সেখান থেকে অর্ধেক পরিবারের জন্য রেখে বাকিটা শহরে থাকা মেয়ে জামাইদের জন্য পাঠিয়েছেন।

মেহেরপুর সরকারী কলেজের রাষ্ট বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল আল আমীন (ধুমকেতু) জানান,যুগ যুগ ধরে শীত মৌসুমে বেশিরভাগ বাড়িতে কুমড়া বড়ি দেওয়ার রেওয়াজ চলে আসছে। সময়ের আবর্তে বড়ি- এখন বাজারে কিনতে পাওয়া যায়। তারপরও অনেক মানুষ বাড়িতে বড়ি তৈরি করে খেতেই বেশি স্বাচ্ছন্দ্য বোধ করেন এবং এই কুমড়া বড়ি তৈরি করে অনেকেরই সংসার চলে।

এই বিষয়ে মেহেরপুর বড় বাজারের সবজি বিক্রেতা আব্দুস সুবান,আব্দুস সহিদ মেহেপুর প্রতিদিন কে জানান, কুমড়া বড়ি মেহেরপুরে ব্যাপক চাহিদা থাকলেও কৃষক পরিবার গুলোতে নিজে থেকে তৈরি করে যে কারণে একটু বেচাকেনা কম, তার পরেও প্রতিনিয়তই তিন থেকে চার কেজি করে কুমড়ার বড়ি বিক্রয় করছি এবং এর বর্তমান বাজারে প্রতি কেজি কুমড়ার বড়ি ৩০০ -৩৫০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে।

সাংবাদিকদের সাথে শৈলকুপার আওয়ামী লীগের মেয়র প্রার্থীর মতবিনিময়

ঝিনাইদহের শৈলকুপা পৌরসভার আওয়ামীলীগ মনোনিত প্রার্থী কাজী আশরাফুল আজমের সাথে শৈলকুপায় কর্মরত সাংবাদিকদের সাথে এক মতবিনিময় সভা সোমবার বেলা ২টায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ইলেকট্রনিক ও প্রিনাট মিডিয়ার বেশ কয়েকজন সাংবাদিক তাদের বক্তব্য তুলে ধরেন।

পরে পৌর মেয়র প্রার্থী ও বর্তমান মেয়র কাজী আশরাফুল আজম তার বক্তব্যে বলেন, শৈলকুপা পৌর এলাকায় পুঞ্জীভূত সমস্যা সমাধানে আমি বদ্ধপরিকর। পৌর নাগরিকদের সার্বিক সুযোগ-সুবিধা প্রদানে কাজ করে যাচ্ছি। পানিবদ্ধতা নিরসন, যানজট, হাটবাজার উন্নয়ন, ড্রেনেজ সমস্যা দূরীকরণ, অবৈধ দোকানপাট ও স্থাপনা উচ্ছেদ, শিক্ষার উন্নয়ন এবং মাদকদ্রব্যের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণে আমি দৃঢ়প্রতিজ্ঞ।

পৗর মেয়র আরো বলেন, দুর্নীতিমুক্ত একটি আধুনিক পৌরসভা গড়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছি। শৈলকুপা পৌরসভার সার্বিক উন্নয়নে আমি সমাজের বিভিন্ন পেশাজীবীর সহযোগিতা ও ভোট কামনা করছি, আমার অসমাপ্ত কাজগুলো আমি পুনরায় নির্বাচিত হলে সম্পন্ন করবো। আমি বিশ্বাস করি ভোটাররা আবারও আমাকে ভোট দিয়ে জয়যুক্ত করবে।

সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে তিনি আরও বলেন, আমি এই পৌরসভার প্রতিটি মানুষের অস্থিমজ্জ্বায় মিশে আছি। পরিশ্রম আমাকে আজ একটি ভালো স্থান দিয়েছে। নদী কেন্দ্রীক এই পৌর শহরকে সাজাতে একমাত্র সুষ্ঠ ও সুন্দর পরিকল্পনাই পারবে শেকর থেকে শিখরে নিয়ে যেতে। দল আমাকে সুযোগ দিয়েছে সেটাকে আরেকবার কাজে লাগাবো ইনশাআল্লাহ। উল্লেখ্য আগামী ১৬ই ডিসেম্বর ২য় ধাপে শৈলকুপা পৌরসভার নির্বচন অনুষ্ঠিত হবে।

মেহেরপুরে ১’শ বোতল ফেন্সিডিলসহ তিন মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে ১’শ বোতল ফেন্সিডিলসহ তিন মাদক ব্যসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। সোমবার দুপুরে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের ঈদগাহ মাঠের সামনে থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো, চুয়াডাঙ্গা জেলার কার্পাসডাঙ্গা গ্রামের ইউনুস আলীর ছেলে রেজাউল হক (৪০), একই গ্রামের হাইদার আলীর স্ত্রী বেগম (৫০), মাজ্জুল হোসেন এর ছেলে শাহাজামাল মিয়া (৩৮)।

এসময় তাদের সাথে থাকা একটি ইজিবাইক, ৩টি মোবাইল জব্দ করা হয়। অভিযানে অংশনেন এ এস আই মাহাতাব ও এ এস আই জসিম উদ্দিন।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামে অভিযান চালিয়ে ফেন্সিডিলসহ তিন মাদক ব্যবসায়ীকে আটক করা হয়। আটককৃতদের বিরুদ্ধে মুজিবনগর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

খুলনায় পৌরসভা নির্বাচনে বিএনপি’র ভোট বর্জন

খুলনার চালনা পৌরসভা নির্বাচনে নৌকা প্রতীকে ভোট প্রদানে বাধ্য করা ও অনিয়মের অভিযোগে বিএনপি প্রার্থী মো. আবুল খয়ের খাঁন নির্বাচন বর্জন করেছেন।

সোমবার দুপুর ২টায় বিএনপি প্রার্থীর পক্ষে দলের নির্বাচনী প্রধান এজেন্ট উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুল মান্নান খান দলীয় কার্যালয়ে সংবাদ সম্মেলনের মাধ্যমে নির্বাচন বর্জন করেন।

এর আগে বেলা ১১টার দিকে চালনা পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডের শিশু কানন প্রি-ক্যাডেট স্কুলকেন্দ্রে ভোট চলাকালে দুই মেয়র প্রার্থীর সমর্থকদের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটে। সকাল সাড়ে নয়টার দিকে চালনা এমএম কলেজ কেন্দ্রে দুই প্রার্থীর সমর্থকদের মধ্যে আলাদা হাতাহাতির ঘটনা ঘটে।

নির্বাচনে মেয়র পদে আওয়ামী লীগের সনত কুমার বিশ্বাস, বিএনপি’র মো. আবুল খয়ের খাঁন এবং স্বতন্ত্র প্রার্থী অচিন্ত্য কুমার মণ্ডল ও গৌতম কুমার রায় প্রতিদ্বন্দ্বিতা করছেন।